



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার
তাগিদ পত্র

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০১.২০১৮-৮৮

তারিখ : ২৮/০৯/২০২০ খ্রিঃ

বিষয়: গত ২৮ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১৫তম বৈঠকের সিদ্ধান্ত/দিক নির্দেশনা বাস্তবায়ন ও অগ্রগতি প্রেরণ।

- সূত্র : (১) কমিটি শাখা-১ এর স্মারক নং- ১১.০০.০০০০.৭৩১.৩১.০২৮.১৯.২১৮,
(২) এ বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৫০.০০.০০১.২০১৮-১৭২,
(৩) ডিপিএইচই'র স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.০১.১৭০.০৪.৪০৪২
(৪) এ বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৫০.০০.০০১.২০১৮-১০,

তারিখ: ০৫/১১/২০১৯ খ্রিঃ


তারিখ: ২৫/১১/২০১৯ খ্রিঃ

তারিখ: ৩০/১২/২০১৯ খ্রিঃ

তারিখ: ২০/০১/২০২০ খ্রিঃ

উর্পযুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০০৯-১০ অর্থবছরের রিপোর্টভুক্ত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অডিট আপত্তির উপর ২৮ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১৫তম বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে উত্থাপিত ১৫টি অনুচ্ছেদের মধ্যে ৬টি অনুচ্ছেদ নিষ্পত্তি করা হয়। তন্মধ্যে ৩টি আংশিক নিষ্পত্তি করা হয়েছে। ৩টি আংশিক অনিষ্পন্নসহ অবশিষ্ট ১২টি অনিষ্পন্ন আপত্তির নিষ্পত্তির বিষয়ে গত ২৫/১১/২০১৯ খ্রিঃ তারিখে এ বিভাগ হতে সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে শুধুমাত্র অনুচ্ছেদ ০৪ : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী আগামী ১(এক) মাসের মধ্যে লক্ষীপুর ঘ(৩) অংশের সাথে জড়িত ৩,১২,০০০/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত সিদ্ধান্তের খসড়া জবাব পাওয়া যায়। উক্ত জবাব যথাযথ না হওয়ায় উপযুক্ত প্রমাণকসহ স্বয়ংসম্পূর্ণ ব্রডশীট জবাব পুনঃ প্রেরণের জন্য গত ২০/০১/২০২০খ্রিঃ তারিখে পত্র দেয়া হলেও অদ্যাবধি চাহিত জবাব পাওয়া যায়নি। তাছাড়া ১৫তম বৈঠকে গৃহিত অবশিষ্ট অনিষ্পন্ন (রিপোর্টভুক্ত) অডিট আপত্তির অনুকূলে ব্রডশীট জবাব না পাওয়ায় এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। উল্লেখ্য, ইতোমধ্যে সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যক্রম যথারীতি আরম্ভ হয়েছে। শীঘ্রই বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতিসহ ডিপিএইচই'র অনিষ্পন্ন রিপোর্টভুক্ত অডিট আপত্তির নিষ্পত্তির বিষয়ে আলোচ্যসূচি অন্তর্ভুক্ত হতে পারে।

এমতাবস্থায়, ২৮ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১৫তম বৈঠকের সিদ্ধান্ত ও এ বিভাগের দিক নির্দেশনা অনুযায়ী ২০০৯-১০ অর্থবছরের রিপোর্টভুক্ত অনিষ্পন্ন অডিট আপত্তির স্বয়ংসম্পূর্ণ জবাব উপযুক্ত প্রমাণকসহ (ইউনিকোডে Nikosh Font -এ সফট কপি) আগামী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


মোঃ শাহ জলিল
সহকারী সচিব
ফোন : ৯৫৭৭২৩১

ই-মেইল lgaudit3@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,

কাকরাইল, ঢাকা।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

০২। উপসচিব (পাস-১), স্থানীয় সরকার বিভাগ।

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০৪। নিবাহী প্রকৌশলী, ডিপিএইচই, চট্টগ্রাম/লক্ষীপুর/ফেনী/নোয়াখালী/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/সিলেট/মৌলভীবাজার/
হবিগঞ্জ/ঝালকাঠি/রাঙ্গামাটি জেলা।

০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।

০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।